বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিপিসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

নং: ২৮.০৩.০০০০.০০৮.২৭.০০২.১৬. ১১২৫৮ তারিখ: ১৫/০৩/২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত বছরব্যাপী কর্মসূচি নির্ধারণ এবং ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজন বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	জনাব মোঃ আবু বকর ছিদ্দীক, চেয়ারম্যান, বিপিসি।
তারিখঃ	১৫/০৩/২০২১
সময়ঃ	১১.০০ ঘটিকা
সভার স্থানঃ	Zoom প্ল্যাটফর্ম
উপস্থিতিঃ	বিপিসি'র কর্মকর্তাবৃন্দ ও এর অধীনস্থ কোম্পানিসমূহের প্রধানগণ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করার জন্য সচিব, বিপিসিকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে সচিব, বিপিসি জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০৩/০১/২০২১ তারিখ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩-০৩-২০২১ তারিখে সভা অনুষ্ঠিত হয়। বর্ণিত সভায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বছরব্যাপী কর্মসূচি নির্ধারণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের কর্মসূচি নির্ধারণ করা হয়। সভায় বিপিসি'র সচিব আলোচ্য কর্মসূচি ধারাবাহিকভাবে তুলে ধরেন।

২। বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বছরব্যাপী কর্মসূচি নির্ধারণের বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিতে ২৬ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিতে ২৬ মার্চ, ২০২১ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
২.২	১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকল দপ্তর স্ব স্ব জেলা প্রশাসন এর সাথে যোগাযোগ করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী র‍্যালিতে (একই রকম গেঞ্জি, ক্যাপ ও ব্যানারসহ) অংশগ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকল দপ্তর স্ব স্ব জেলা প্রশাসন এর সাথে যোগাযোগ করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী র‍্যালিতে (একই রকম গেঞ্জি, ক্যাপ ও ব্যানারসহ) অংশগ্রহণ করবে।	সচিব, বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানির প্রধানগণ

২.৩	স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রহণ এবং আর্থিক অনুদান প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে সচিব, বিপিসি এর নেতৃত্বে বিপিসি'র মহাব্যবস্থাপক (এমআইএস) ও ব্যবস্থাপক (সংস্থাপন) এর সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি টিম গঠন করার বিষয়ে আলোচনা করা হয়।	স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ অংশগ্রহণ করবে এবং প্রয়োজনে সামর্থ্য অনুযায়ী কোম্পানিসমূহ সংবর্ধনার ব্যয় বাবদ তাদের CSR ফান্ড থেকে আর্থিক অনুদান প্রদান করবে। এক্ষেত্রে সচিব, বিপিসি এর নেতৃত্বে বিপিসি'র মহাব্যবস্থাপক (এমআইএস) ও ব্যবস্থাপক (সংস্থাপন) এর সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি টিম গঠন করতে হবে।	সচিব, বিপিসি, মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি ও ব্যবস্থাপক (সংস্থাপন), বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানির প্রধানগণ
২.৪	বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগার ও মুজিব কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করবে। কোম্পানিসমূহের CSR ফান্ড হতে এ সংক্রান্ত ব্যয় বহন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করার জন্য একটি বই সিলেকশন কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়।	বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগার ও মুজিব কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করবে। কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে এ সংক্রান্ত ব্যয় বহন করবে। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণের নিমিত্ত বিপিসি'র উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ)-কে আহ্বায়ক করে জেওসিএল ও ইআরএল এর একজন করে মহাব্যবস্থাপকের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি বই সিলেকশন কমিটি গঠন করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
২.৫	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তীর কর্ণার স্থাপন এবং একই সাথে বিপিসি নিবেদিত মুক্তিযুদ্ধ নির্ভর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র "ঠিকানা বত্রিশ নম্বর" আপলোডকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানির ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনসহ বিপিসি নিবেদিত মুক্তিযুদ্ধ নির্ভর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র "ঠিকানা বত্রিশ নম্বর" আপলোড করতে হবে এবং নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
২.৬	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে ব্যয়ভার বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ নিজস্ব বাজেট থেকে বহন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নের ব্যয় বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নিজস্ব বাজেট থেকে বহন করবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি

৩। বিস্তারিত আলোচনার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে ১৭ মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী অনুষ্ঠান আয়োজনের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	কর্মসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিতে ১৭ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিতে ১৭ মার্চ, ২০২১ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.২	১৭ মার্চ ২০২১ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এ নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহকে সমন্বিতভাবে ১৭ মার্চ ২০২১ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এ নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করবে।	বিপিসি এবং পিওসিএল
৩.৩	১৭ মার্চ ২০২১ তারিখে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মসজিদে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১৭ মার্চ ২০২১ তারিখে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ নিজ নিজ মসজিদে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.৪	হাসপাতাল, শিশু পরিবার ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১৭ মার্চ ২০২১ তারিখে বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে অনুদান হিসেবে শিশু পরিবার ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন করবে।	বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানি
৩.৫	মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন (জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটের http://www.mujib100.gov.bd টেমপ্লেট অনুযায়ী) ইত্যাদি ব্যবহারের মাধ্যমে অফিস ভবন সজ্জিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে বিপিসি ও অধীনস্থ কোম্পানিসমূহের অফিস ভবন মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউনের মাধ্যমে সাজাতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.৬	জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭-২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০(দশ) দিনব্যাপী বিপিসি তার জামালখানস্থ জয়পাহাড় এস্টেট এর প্রধান ফটক হতে ট্রেনিং সেন্টার পর্যন্ত ও বিপিসি কেন্দ্রীয় জামে মসজিদের গেইট সংলগ্ন এলাকায় এবং বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের অফিস ভবনে আলোকসজ্জার আয়োজন করবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তবে ২৫ মার্চ ২০২১ তারিখে আলোকসজ্জা না করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭-২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০(দশ) দিনব্যাপী বিপিসি তার জামালখানস্থ জয়পাহাড় এস্টেট এর প্রধান ফটক হতে ট্রেনিং সেন্টার পর্যন্ত ও বিপিসি কেন্দ্রীয় জামে মসজিদের গেইট সংলগ্ন এলাকায় এবং বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের অফিস ভবনে (ডিপো ব্যতীত) আলোকসজ্জার আয়োজন করবে। তবে ২৫ মার্চ ২০২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি

৩.৭	জন্মশতবার্ষিকী উপলক্ষে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ হতে ডিজিটাল স্ক্রিনে স্মরণিকা/ দেয়াল পত্রিকা প্রকাশের উদ্যোগ নেয়ার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ তাদের নিজ নিজ অফিসে ডিজিটাল স্ক্রিনে স্মরণিকা/দেয়াল পত্রিকা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.৮	বিপিসি'র অধীনস্থ যে সকল কোম্পানিতে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান রয়েছে সেসকল স্থানে স্থানীয় প্রশাসনের সাথে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিসি'র অধীনস্থ যে সকল কোম্পানিতে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান রয়েছে সেসকল স্থানে স্থানীয় প্রশাসনের সাথে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে।	বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানি
৩.৯	জন্মশতবার্ষিকী উপলক্ষে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক ইতঃপূর্বে যেসকল ভিডিও/ ডকুমেন্টরি প্রস্তুত করা হয়েছে তা এলইডি স্ক্রিনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	জন্মশতবার্ষিকী উপলক্ষে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক ইতঃপূর্বে যেসকল ভিডিও/ডকুমেন্টরি প্রস্তুত করা হয়েছে তা এলইডি স্ক্রিনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.১০	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক জয়পাহাড়স্থ বিপিসি ট্রেনিং সেন্টার সংলগ্ন মাঠে আতশবাজির আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ জয়পাহাড়স্থ বিপিসি ট্রেনিং সেন্টার সংলগ্ন মাঠে আতশবাজির আয়োজন করবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.১১	ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে ব্যবহার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে ওয়েবসাইটে (http://www.mujib100.gov.bd) প্রকাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ ফুটেজ রয়েছে সেগুলো কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া ব্যবহার করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানি
৩.১২	১৭-২৬ মার্চ ২০২১ তারিখের মধ্যে চেয়ারম্যান, পেট্রোবাংলার আর্থিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় বিপিসি অংশগ্রহণসহ সেমিনারের আপ্যায়ন ব্যয় বিপিসি বহন করবে মর্মে সভায় আলোচনা হয়।	১৭-২৬ মার্চ ২০২১ তারিখের মধ্যে পেট্রোবাংলার আর্থিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় বিপিসি অংশগ্রহণ করবে এবং সেমিনারের আপ্যায়ন ব্যয় বিপিসি বহন করবে।	বিপিসি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবু বকর ছিদ্দীক)
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

নং: ২৮.০৩.০০০০.০০৮.২৭.০০২.১৬.

তারিখ: ১৫/০৩/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (অপা: ও পরি:/অর্থ/বিপণন), বিপিসি।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
৩। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক
(বাঃ ও অপাঃ/নিরীক্ষা/বঃ ও বিপঃ/হিসাব/অর্থ/এমআইএস, ইনসিটু/পরিঃ ও উন্নঃ/), বিপিসি।
৪। ব্যবস্থাপনা পরিচালক (জেওসিএল/পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/ইএলবিএল), চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক, এসএওসিএল, চট্টগ্রাম।
৬। ব্যবস্থাপক (এমআইএস/সাকশা), বিপিসি।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৮। অফিস কপি।

(মোঃ লাল হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩

O/C